

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ববোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ১(৮)শুঃনীঃ ও বাঃ/২০০৭/১৫৭,

তারিখ: ১১/০৬/২০২০ খ্রিস্টাব্দ।

বিষয় : বিযুক্ত অবস্থায় জিপ গাড়ি আমদানির ক্ষেত্রে সিকেডি'র সংজ্ঞা সংশোধন সংক্রান্ত।

- সূত্র : (১) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-৯(৪) কাস-১/৯৩/(অংশ-১)/১৬২/(১-৯),  
তারিখ : ০৯/০৪/৯৭ ইং।  
(২) শিল্প মন্ত্রণালয়ের স্মারক নং ৩৬.০০.০০০০.০৭২.৯৯.০২৭.১৫.১৬৮, তারিখ :  
০৯/০৯/২০১৮ খ্রি:।  
(৩) প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর পত্র নং ৩৬.০৯৩.০০৭.০৯.৭৭.০৫০.২০২০.৩৩২,  
তারিখ : ০৭-০১-২০২০ খ্রিঃ।

সূত্রে বর্ণিত (১) নং অফিস স্মারক এর মাধ্যমে জিপ গাড়ির সিকেডি'র সংজ্ঞায় “কেবিনেটের বিভিন্ন পার্ট আলাদা আলাদা থাকিবে যেমন-ছাদ, ফ্লোর, সাইড, ব্যাক ও ফ্রন্ট, বনেট, ফেন্ডারসমূহ, দরজা, ড্রাইভিং সিট, উইন্ডশীল্ড, কাউল ইত্যাদি সবই আলাদা থাকিবে। রং করা ছাড়া থাকিবে। তবে প্রাইম কোট থাকিতে পারিবে” মর্মে বিধান রয়েছে। এতে দেশের একমাত্র গাড়ি সংযোজনকারী সরকারি প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই আমদানিকৃত জিপ গাড়ির CKD এবং CBU এর সংজ্ঞা সংশোধন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আবেদন করেছে এবং শিল্প মন্ত্রণালয় সুপারিশ করেছে। শিল্প মন্ত্রণালয়ের সুপারিশ অনুযায়ী জিপ গাড়ির CKD এবং CBU এর সংজ্ঞা নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত স্মারক নং-৯(৪) কাস-১/৯৩/(অংশ-১)/১৬২/(১-৯), তারিখ : ০৯/০৪/৯৭ ইং এর অনুল্লেখ্য (২) এ উল্লিখিত জিপ গাড়ির সিকেডি সংজ্ঞার ক্রমিক ১৪ এর পরিবর্তে নিম্নবর্ণিত ক্রমিক ১৪ প্রতিস্থাপিত হবে, যথা:

“১৪। বডিঃ

- (ক) বডি রং করা ব্যতীত অথবা রং করা সহ থাকিতে পারিবে;
- (খ) রং করা ব্যতীত থাকিলে কেবিনের বিভিন্ন পার্টস যেমন: ছাদ, ফ্লোর, সাইড, ব্যাক ও ফ্রন্ট, বনেট, ফেন্ডারসমূহ, দরজা, ড্রাইভার সিট, উইন্ডশিল্ড, কাউল ইত্যাদি সব কিছুই আলাদা আলাদা থাকিতে হইবে;

তবে রং করাসহ থাকিলে প্যাকিং সুবিধার জন্য কেবিনের বিভিন্ন পার্টস যেমন: ছাদ, ফ্লোর, সাইড, ব্যাক ও ফ্রন্ট, বনেট, ফেন্ডারসমূহ, দরজা, ডাইভার সিট, উইন্ডশিল্ড, কাউল ইত্যাদি ফলস্ নাট বা ক্রু দ্বারা অস্থায়ীভাবে সংযুক্ত থাকিতে পারিবে।”

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মেহরাজ-উল-আলম সন্নাত  
দ্বিতীয় সচিব (কাস্টমস : নীতি ও বাজেট)।